দৈনিক ইত্তেফাক

তারিখ 23 DEC 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির নির্বাচনে 'নীল' দলের জয়লাভ

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে শিক্ষকদের 'নীল'দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করিয়াছে। সমিতির ১৫টি পদের মধ্যে সভাপতি,, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ ও সাধারণ সম্পাদক পদসহ ১০টি পদই অর্জন

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

করিয়াছে নীলদল। 'গোলাপী' দল হইতে সদস্য পদে ৩ জন ও সম্মিলিত সাদা দল হইতে সদস্য পদে ২ জন নির্বাচিত হইয়াছে। সাদা দলের কেহই নির্বাচিত হন নাই।

নীলদল হইতে সভাপতি পদে নির্বাচিত হইয়াছেন প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষক ডঃ মোঃ শাহাদাত আলী (৩১৮ ভোট): নিকটতম প্রতিদ্বন্দ্বী সম্মিলিত সাদা'র মনিরুল হক (১৯২)। নীল দল হইতে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হইয়াছেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক ডঃ আ, আ, ম, স আরেফিন সিদ্দিক (২৮৫) : নিকটতম প্রতিদ্বন্দ্বী সম্মিলিত সাদা'র ডঃ আনোয়ার হোসেন (২৩১)। নীল দল হইতে সহ-সভাপতি পদে ভূগোল বিভাগের ডঃ খন্দকার নিজাম উদ্দিন, কোষাধ্যক্ষ পদে হিসাব বিজ্ঞান বিভাগের ডঃ আবুল হাশেম, যুগ্ম সম্পাদক পদে রসায়ন বিভাগের শিক্ষক ডঃ মোঃ আবদুল আজিজ এবং ৫টি সদস্য পদে অর্থনীতি বিভাগের ডঃ এটিএম জহুরুল হক, ইতিহাস বিভাগের ডঃ এ, বি, এম, মাহমুদ, রাষ্ট্র বিজ্ঞানের ডঃ এম মোস্তফা চৌধুরী, মৃত্তিকা বিজ্ঞানের ডঃ এস এম ইমামুন হক ও ব্যবস্থাপনা বিভাগের ডঃ খন্দকার বজলুল হক নির্বাচিত হইয়াছেন। গোলাপী দল হইতে সদস্য পদে ইতিহাস বিভাগের ডঃ আবদুল মোমিন চৌধুরী দর্শন বিভাগের ডঃ আমিনুল ইসলাম, সমাজবিজ্ঞান বিভাগের কে এ এম সাদউদ্দিন এবং সম্মিলিত সাদা দল হইতে সদস্য পদে পদার্থবিদ্যা বিভাগের ডঃ আ, ফ, ম, ইউসুফ হায়দার, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের ডঃ জিন্নাতুন্নেছা তাহমিদা বেগম নির্বাচিত হইয়াছেন।

উল্লেখ্য, দীর্ঘদিন পর প্রশাসনে প্রভাবশালী সাদা দল শোচনীয়ভাবে পরাজয় বরণ করিল। গত বছর ভিসি নির্বাচনকে কেন্দ্র করিয়া সাদা দলের মধ্যে ভাঙ্গন শুরু হয়।